

## নেশার বিরুদ্ধে সরব রাজ্যপাল

সংবাদ প্রতিনিধি, মোহনপুর, ২১ নভেম্বর : গোটা রাজ্য ড্রাগসের ছেবলে কতটা আক্রান্ত তা নিয়ে শুধু রাজ্যের মানুষই উদ্বেগ নয়, নতুন রাজ্যপালের মুখেও সেই উদ্বেগ প্রকাশিত হলো। ত্রিপুরার নবনিযুক্ত রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নান্দু কামালখাটহিত ইকফাই ইউনিভার্সিটি পরিদর্শন করেন মঙ্গলবার। সাথে ছিলেন সেই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ডক্টর এ. রঙ্গনাথন সহ অন্যরা। এই পরিদর্শনকালে রাজ্যপাল বিশ্ববিদ্যালয়টির শিক্ষা ব্যবস্থা সহ একাধিক বিষয় খতিয়ে দেখেন এবং তাদের দ্বারা পরিবেশিত ড্রাগসের উপর ছোট্ট নাটকটিও দেখেন। তারপরেই তাঁর স্বল্প সময়ের বক্তব্যের মধ্যে রাজ্যের ড্রাগসের অতি বাড়বাড়ন্তের বিষয়টি উঠে আসে।

তিনিও পরোক্ষভাবে বলেন, ড্রাগস কেনাবেচার রাজ্যে পরিণত হয়েছে ত্রিপুরা। মূলত মায়ানমার ও বাংলাদেশের মধ্যে দিয়ে ত্রিপুরায় আসছে এসব। ড্রাগস ব্যাপারীদের বিরুদ্ধে রাজ্যপাল তাঁর ভাষণে তীব্র আক্রমণ করেন। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নান্দু বলেন, ড্রাগস কেনাকোয় যারা জড়িত তাদের রাষ্ট্রবিরোধী অর্থাৎ দেশপ্রোহী ছাড়া লাগিয়ে দেওয়া দরকার। এটাই বর্তমান সময়ে উত্তম উপায় বলে জোরালো দাবি নব নিযুক্ত রাজ্যপালের। তিনি বলেন, যুব সমাজ ও রাষ্ট্রকে ধ্বংসকারী ওই ড্রাগস কারবারীদের সমাজ থেকে দূরে সরিয়ে রাখতে সবার উদ্যোগ নিতে হবে। তাহলেই এই সর্বনাশা ব্যাধি থেকে রাজ্য মুক্ত হতে পারবে। এদিন ইকফাই কলেজে ককবরক বিষয় শিক্ষক নিয়োগের মাধ্যমে পাঠদানের ব্যবস্থা গ্রহণে বিশ্ববিদ্যালয়টি পদক্ষেপ নেওয়ার জন্য বলেন। রাজ্যপাল প্রায় দেড় ঘণ্টা সময় ইকফাইয়ের ফ্যাকালাটি এবং ছাত্রছাত্রীদের সাথে কথা বলেন। বিশ্ববিদ্যালয়টির লাইব্রেরি এবং দিব্যাসনদের নিয়ে বিশ্ববিদ্যালয়টির সামাজিক কাজের প্রশংসা করেন এবং শ্রীবৃদ্ধি কামনা করেন। এদিন ইকফাই বিশ্ববিদ্যালয়ে বৃক্ষরোপণও করেন।

22-11-2023

10x8

## PATHAK SAMBAD

## ইকফাই বিশ্ববিদ্যালয় পরিদর্শনে রাজ্যপাল



আগর তলা, ২১ নভেম্বর : রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি স্বল্প সময়ে কামালখাটহিত ইকফাই বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন। রাজ্যপালকে বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানান বিশ্ববিদ্যালয়ের

রেজিস্ট্রার ড. এ. রঙ্গনাথ ও ফ্যাকালাটি সদস্যরা। রাজ্যপাল ইকফাই বিশ্ববিদ্যালয়ের কর্মক্ষম হলে রেজিস্ট্রার ও অন্যান্য ফ্যাকালাটি সদস্যদের সাথে মতবিনিময় করেন।


পাণ্ডুরাপটেন্ট ছেলেদেশের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের পঠন পঠন নিয়ে রাজ্যপালকে অবহিত করা হয়। রেজিস্ট্রার ও অন্যান্যদের সাথে আলোচনাকালে রাজ্যপাল পঠন

পাঠনের ক্ষেত্রে স্থানীয় ভাষা বিশেষ করে ককবরক ভাষার উপর গুরুত্ব দিতে নির্দেশ দেন। তিনি বিশ্ববিদ্যালয়ে দিব্যাসন ও তাদের অভিভাবকদের দিকে বিশেষভাবে মনো দেওয়ার উপরও গুরুত্ব আরোপ করেন। তাছাড়াও রাজ্যপাল বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনে গুহাল ম্যাগাজিনের উদ্বোধন করেন। আইন বিভাগের ছাত্রছাত্রীরা মাদক ব্যবহারের কুফল ও পশুপথা সম্পর্কে একটি সংক্ষিপ্ত নাটক মঞ্চস্থ করে। বিশ্ববিদ্যালয় পরিদর্শনের সময়ে রাজ্যপালের সঙ্গে ছাত্রছাত্রীরাও সাক্ষাৎ করেন। বিশ্ববিদ্যালয়ের কাম্পাসে রাজ্যপাল একটি বৃক্ষরোপণও করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিও ঘুরে দেখেন।



Governor Indra Sena Reddy Nallu, visited ICFAI University, Kamalghat on Tuesday.

TRIPURA TIMES : 22-11-2023



■ Governor Indra Sena Reddy Nallu interacting with students during his visit at ICFAI University, Kamalghat on Tuesday. - NEC Photo

NE COLORS : 22-11-2023